

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৫৮

১/ বিবিধ

আরবী

إن من السنة أن يخرج الرجل مع ضيفه إلى باب الدار
موضوع

أخرجه ابن ماجه (2 / 323) وابن الأعرابي في " معجمه " (2 / 246) وعنه القضاعي (1 / 95) من طريق علي بن عروة عن عبد الملك عن عطاء عن أبي هريرة مرفوعا قلت: وهذا إسناد موضوع، وعلته علي بن عروة هذا قال الذهبي: قال ابن حبان كان يضع الحديث، وكذبه صالح جزرة وغيره، ثم ساق له أحاديث هذا منها ثم وجدت له طريقا آخر، أخرجه ابن عدي (2 / 169) من طريق سلم بن سالم البلخي حدثنا ابن جريج عن عطاء عن ابن عباس مرفوعا، أورده في ترجمة سلم هذا في أحاديث أخرى له ثم قال: له أحاديث أفراد وغرائب، وأنكر ما رأيت له ما ذكرته من هذه الأحاديث

قلت: وقد نقل غير واحد الاتفاق وقال أبو حاتم: لا يصدق، وقال الجوزجاني: غير ثقة وقد تقدم الكلام عليه في الحديث رقم (233) ، ثم إن ابن جريج مدلس وقد عنعنه

বাংলা

২৫৮। নিশ্চয় ব্যক্তি কর্তৃক তার মেহমানের সাথে বাড়ীর দরজা পর্যন্ত বের হয়ে যাওয়া সুন্নাতের অন্তর্ভুক্ত।

হাদীসটি জাল।

এটি ইবনু মাজাহ্ (২/৩২৩), ইবনুল আরাবী তার "আল-মু'জাম" গ্রন্থে (২/২৪৬) এবং তার থেকে কাযা'ঈ

(১/৯৫) 'আলী ইবনু উরওয়া সূত্রে আব্দুল মালেক হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদটি বানোয়াট। তার কারণ হচ্ছে এ 'আলী ইবনু উরওয়া। তার সম্পর্কে যাহাবী বলেন, ইবনু হিব্বান বলেছেনঃ তিনি হাদীস জাল করতেন। তাকে সালাহ জাযারা ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন। অতঃপর তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

এর আরেকটি সূত্র পেয়েছি, যেটি ইবনু আদী (২/১৬৯) সালাম ইবনু সালাম আল-বালধী সূত্রে ... উল্লেখ করেছেন। এ সালাম সম্পর্কে ২৩৩ নং হাদীসে আলোচনা করা হয়েছে। তার সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি সত্যবাদী নন। জুরজানী বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

এছাড়া ইবনু যুরায়েজ মুদাল্লিস। তিনি আন আন শব্দে হাদীসটি বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5518>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন